দৈনিক বাংলা

তারিখ 15 NOV 1991 ... ৫
পৃষ্ঠা ... ৫ ... কলাম

৬৫

43

# বিদ্যালয়ে শিক্ষক ও শিক্ষা সরঞ্জাম চাই

বাংলাদেশের সব চেয়ে বড় উপজেলা মতলব। শিক্ষা সংস্কৃতির দিক দিয়েও এ উপজেলাটি উন্নত। অথচ এ উপজেলারই শিক্ষা প্রতিষ্ঠানগুলির অবস্থা আজ দুঃখ-জনক। আমি এখানে বিশেষ করে একটি প্রাথমিক বিদ্যাল-য়ের কথাই বলছি। এটি ধলাইতলি সরকারী প্রাথমিক বিদ্যালয়। নামেই স্বতঃপ্রকাশিত বিদ্যালয়টি সর-কারী। কিন্তু দুঃখের বিষয়, প্রগ্নটি সরকারী বিদ্যালয়ের যেভাবে পরিচালিত হওয়া বা চলা উচিত এটি আদৌ সেভাবে চলছে না। বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা অনেক, কিন্তু সে তুলনায় এতে বেঞ্চ টেবিল নেই, প্রয়োজনীয় উপকরণ সরঞ্জাম নেই এবং সব চেয়ে বড় কথা ছাত্রছাত্রীদের পাঠ-দানের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নেই। পূর্বে এ বিদ্যালয়ে সাত-জনশিক্ষক ছিলেন। কিন্তু দুই বছর আগে দুইজন শিক্ষককে অন্যত্র বদলী করা হয়েছে। এবং তাদের শূন্যস্থানে এযাবৎ কোন শিক্ষক নিয়োগ করা হয়নি। অথচ ছাত্রছাত্রীর সংখ্যা পূর্বের তুলনায়। বরং এখন আরো বৃদ্ধিই পেয়েছে। ফলে, মাত্র পাঁচজন শিক্ষকের পক্ষে এটা বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীকে সুষ্ঠুভাবে পাটদান করা সম্ভব হচ্ছে না। তাই অবিলম্বে বিদ্যালয়টিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ করা একান্ত আবশ্যক। এ ব্যাপারে শিক্ষা দফতরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। এবং বিদ্যালয়টিতে শিক্ষক নিয়ো-গের আশু ব্যবস্থা করা ছাড়াও এতে পর্যাপ্ত বেঞ্চ টেবিল ও প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সরবরাহেরজন্যেআবদনজানাচ্ছি।

আব্দুর রহমান গোসাইপুর,চাঁদপুর।